

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (২০১৯-২০) সভার কার্যবিবরণী

সভাপতি	ফরিদ আহমদ ভূঁইয়া মহাপরিচালক
সভার তারিখ	২২/১২/২০১৯ খ্রিষ্টাব্দ
সভার সময়	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	১. জনাব মোঃ সুজায়েত উল্যা, পরিচালক (আরকাইভস) ও সদস্য, নৈতিকতা কমিটি; ২. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার ও সদস্য, নৈতিকতা কমিটি; ৩. জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক (আ:), চ.দা. ও সদস্য, নৈতিকতা কমিটি; ৪. জনাব মোঃ আলী আকবর, সদস্য-সচিব, নৈতিকতা কমিটি।

আলোচনা : কমিটির সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কে জানতে চান। সদস্য-সচিব বিগত সভার সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে তুলে ধরেন-

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	মন্তব্য
১.	অধিদপ্তরে অভ্যন্তরীণভাবে মহাপরিচালক প্রতি তিন মাসে ১বার, পরিচালক প্রতি তিন মাসে ১বার এবং উপপরিচালক প্রতি মাসে ১বার শাখা পরিদর্শন করবেন।	মহাপরিচালক/ পরিচালক/ উপপরিচালকদ্বয়	বাস্তবায়িত
২.	জাতীয় আরকাইভস ভবন এবং জাতীয় গ্রন্থাগার ভবনে ডিজিটাল ইনফরমেশন ডিসপ্লেবোর্ড এবং সিটিজেন্স চার্টার ডিসপ্লে বোর্ড স্থাপন করতে হবে। নিম্নলিখিত কমিটি এ বিষয়ে কাজ করবেন। কমিটি : ক) পরিচালক খ) প্রোগ্রামার গ) উপপরিচালক (লাইব্রেরি) ঘ) উপপরিচালক (আরকাইভস)	আহবায়ক সদস্য সদস্য সদস্যসচিব	সংশ্লিষ্ট কমিটি
৩.	গবেষকদের সেবা প্রদানের সুবিধার্থে জুনিয়র মাইক্রোফিলিং এণ্ড ফটোস্ট্যাটিং অফিসারের কক্ষের ফটোকপি মেশিনটি গবেষণা কর্মকর্তার কক্ষে আগামী ১০ কর্মদিবসের মধ্যে স্থানান্তর করতে হবে।	উপপরিচালক (আরকাইভস)	বাস্তবায়িত
৪.	রেকর্ড ও আরকাইভ ব্যবস্থাপনা নির্দেশিকা এর কপি সকল মন্ত্রণালয়/বিভাগের সচিব, জেলা প্রশাসক, জেলা পুলিশ সুপার কার্যালয় এবং দপ্তর/অধিদপ্তরে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন)	বাস্তবায়িত

সভাপতি বলেন যে, মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে জাতীয় আরকাইভস ভবন ও জাতীয় গ্রন্থাগার ভবনে পৃথক দুইটি ভবনে সিটিজেন্স চার্টার দৃশ্যমান স্থানে ডিজিটাল ডিসপ্লে করতে হবে। অভ্যন্তরীণ শাখা পরিদর্শনের উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন যে মহাপরিচালক গবেষণা ও স্ট্যাক এট্রিয়া পরিচালক হিসাবে শাখা এবং


সংরক্ষিত পুরনো বইপত্র সংগ্রহের উদ্দেশ্যে জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক এবং জনাব মোখলেছুর রহমান, সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) শিক্ষা মন্ত্রণালয়ে যাওয়ার নির্দেশনা প্রদান করেন। সার্বিক আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা প্রতিষ্ঠায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	মন্তব্য
১.	অধিদপ্তরে অভ্যন্তরীণভাবে মহাপরিচালক স্ট্যাক ও গবেষণা কক্ষ, পরিচালক হিসাব শাখা এবং উপপরিচালক প্রশাসন শাখা পরিদর্শন করবেন।	মহাপরিচালক/ পরিচালক/ উপপরিচালক	
২.	জাতীয় আরকাইভস ভবন এবং জাতীয় গ্রন্থাগার ভবনে সিটিজেন্স চার্টার ডিসপ্লে করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি	
৩.	কুমিল্লা জেলা প্রশাসক কার্যালয়ে ২৫টি রেকর্ড ও আরকাইভ ব্যবস্থাপনা নির্দেশিকা প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন)	
৪.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের গ্রন্থাগারে সংরক্ষিত পুরনো বইপত্র সংগ্রহ করতে হবে।	১. জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক ২. জনাব মোখলেছুর রহমান, সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আঃ)	

সভায় আর কোনও আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ফরিদ আহমদ ভূঁইয়া
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.১৮৯

তারিখ: ৯ পৌষ ১৪২৬

২৪ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (আরকাইভস), পরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর; আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।


ফরিদ আহমদ ভূঁইয়া